



# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর

Web : [www.dinajpureducationboard.gov.bd](http://www.dinajpureducationboard.gov.bd)

E-mail : [dinajpureducationboard@gmail.com](mailto:dinajpureducationboard@gmail.com)



## ২০২১ সালে অষ্টম শ্রেণি হতে নবম শ্রেণিতে উত্তীর্ণ শিক্ষার্থীদের “উত্তীর্ণ-সনদ” প্রদান সংক্রান্ত বিজ্ঞপ্তি

স্মারক নং : মাউশিবোদি/পনি/পরী/জেএসসি/২০২১/৩৭৪৩(১০০০)

তারিখ : ২১/১২/২০২১ খ্রিঃ

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর এর আওতাধীন সকল বিদ্যালয় প্রধান এবং সংশ্লিষ্ট সকলকে শিক্ষা মন্ত্রণালয়ের পত্র নং- ৩৭.০০.০০০০.০৭১.০৯.০০১.১৭-৬২৩, তারিখ- ০৪/১১/২০২১ এর পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, করোনা ভাইরাস সংক্রমণের সার্বিক পরিস্থিতি এবং শ্রেণিকক্ষে শিক্ষা-শেখানো কার্যক্রম বিবেচনায় ২০২১ সালের জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) পরীক্ষার শিক্ষার্থীদের স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক বার্ষিক পরীক্ষা ও অ্যাসাইনমেন্টের ভিত্তিতে মূল্যায়ন করে নবম শ্রেণিতে উত্তীর্ণ করতে হবে। উত্তীর্ণ শিক্ষার্থীদের শিক্ষা বোর্ড কর্তৃক “উত্তীর্ণ সনদ” প্রদানের জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানগণকে নিম্নোক্ত পদ্ধতি অনুসরণপূর্বক অষ্টম শ্রেণি হতে নবম শ্রেণিতে উত্তীর্ণ শিক্ষার্থীদের ফরম পূরণ করার অনুরোধ জানানো হলো।

১। **Online-এ শিক্ষার্থীদের তালিকা (list) প্রদর্শন :** অষ্টম শ্রেণি হতে নবম শ্রেণিতে উত্তীর্ণযোগ্য শিক্ষার্থীদের তালিকা দিনাজপুর শিক্ষা বোর্ডের ওয়েবসাইট ([www.dinajpurboard.gov.bd](http://www.dinajpurboard.gov.bd)) এর e-FF Link-এ ২১/১২/২০২১ তারিখে প্রকাশ করা হবে এবং ২২/১২/২০২১ তারিখ হতে ৩১/১২/২০২১ তারিখের মধ্যে নবম শ্রেণিতে উত্তীর্ণ শিক্ষার্থীদের ফরম পূরণ সম্পন্ন করতে হবে।

ক) প্রতিষ্ঠানসমূহকে দিনাজপুর শিক্ষা বোর্ডের বর্ণিত ওয়েবসাইটের JSC eFF Link-এ Click করে প্রতিষ্ঠানের EIIN ও JSC Registration-এর Password দিয়ে Login করে প্রাপ্ত শিক্ষার্থীদের তালিকা হতে উত্তীর্ণ শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন নম্বর ও নামের পার্শ্বের Select Button-এ ক্লিক করে Select করতে হবে।

খ) শিক্ষার্থী Select করার পর প্রাপ্ত Temporary List-এ Click করতে হবে।

গ) সকল উত্তীর্ণ শিক্ষার্থী Select হয়েছে কি-না তা ভালভাবে Temporary List-এ যাচাই/বাছাই করতে হবে।

ঘ) এরপর Generate Payslip Button-এ ক্লিক করে Payslip Generate করে Save দিতে হবে।

ঙ) অতঃপর Final Candidate List Print করে প্রতি পৃষ্ঠায় প্রতিষ্ঠান প্রধান স্বাক্ষর করত: ০১ কপি নিজ প্রতিষ্ঠানে সংরক্ষণ করতে হবে এবং ০১ সেট ফটোকপি আগামী ০৪/০১/২০২২ তারিখের মধ্যে শিক্ষা বোর্ডের পল্লীস্ম শাখায় জমা দিতে হবে।

২। ব্যাংকে কোন ‘ফি’ জমা দিতে হবে না।



প্রফেসর মোঃ তোফাজ্জুর রহমান

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

দিনাজপুর

টেলিফোন নম্বর : ০২৫৮৮৮১৭৬৯৮ (অফিস)

স্মারক নং : মাউশিবোদি/পনি/পরী/জেএসসি/২০২১/৩৭৪৩(১০০০)

তারিখ : ২১/১২/২০২১ খ্রিঃ

অনুলিপি : সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :-

০১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।


০৩। দিনাজপুর শিক্ষা বোর্ডের সকল কর্মকর্তা।

০৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, রাজশাহী শিক্ষা বোর্ড কম্পিউটার কেন্দ্র, রাজশাহী।

০৫। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, অত্র শিক্ষা বোর্ড।

০৬। Website Copy।

০৭। অফিস কপি।



মোঃ রেজাউল করিম চৌধুরী

সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

দিনাজপুর

টেলিফোন নম্বর : ০২৫৮৮৮১৭৬৯৭ (অফিস)